167

দৈনিক জনকণ্ঠ

তারিখ MAR 10 1999
পৃষ্ঠা ২ কলাম ১

# আজ ইউকসু নির্বাচন

বুয়েট রিপোর্টার ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কেন্দ্রীয় ছাত্র সংসদ ও হল সংসদ নির্বাচন আজ বুধবার। নির্বাচিত সময়ের এক বছর পর এই নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। এবারের নির্বাচনে ভোটার সংখ্যা ৪ হাজার ২৯৯। সকাল ৮টায় ৮টি হলের ৯টি কমনরুমে একযোগে শুরু হয়ে একনাগারে বেলা ১টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে। দু'ঘন্টা বিরতির পর বিকাল ৩টা থেকে ভোট গণনা শুরু হবে। ইতোপূর্বে ছাত্রী হল ও শহীদ

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## আজ ইউকসু নি...

(প্রথম পাতার পর)

প্রতিদ্বন্দ্বিতায় সমঝোতার ভিত্তিতে ছা... করা হয়েছে। নির্বাচনের প্রস্তুতি সম্পর্কে বুয়ে... পরিচালক এবং ইউকসু'র প্রধান নির্বাচন ক... শামীমুজ্জামান বসুনিয়া বলেছেন, নির্বাচন সুষ্ঠুভাবে ... করার জন্য ইতোমধ্যে সকল ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বুয়েটের উপাচার্য অধ্যাপক নূরউদ্দিন আহমেদ মঙ্গলবার রাতে নির্বাচন প্রস্তুতি স্বচক্ষে দেখার জন্য বিভিন্ন হল পরিদর্শন করেন।

বুয়েটে শেষ ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৯৭ সালের ২৪ মার্চ। এরপরে এক বছরের মধ্যে নির্বাচন হওয়ার কথা থাকলেও উপাচার্যের পদত্যাগ, স্থাপত্য বিভাগের শিক্ষকদের ধর্মঘটসহ নানা কারণে নির্বাচন অনুষ্ঠিত হয়নি। শেষ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়লাভ করেছিল।

এ বছর ৪টি ছাত্র সংগঠন নির্বাচনে সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করছে। প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগঠনগুলোর প্যানেল হচ্ছে ছাত্রলীগ (বা-অ) মনোনীত শেফীন-আদনান-কাজল পরিষদ, ছাত্রদল মনোনীত হাসিব-তুষার-পিটার পরিষদ, ছাত্র ইউনিয়ন মনোনীত হিলটন-সৌমেন-মোস্তফা পরিষদ এবং সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট মনোনীত আকাশ-পলাশ-নোমান পরিষদ। ইউকসু ছাড়াও ৭টি হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। এগুলো হলো আহসান উল্লাহ (পশ্চিম), আহসান উল্লাহ (উত্তর), ডঃ এম এ রশীদ, নজরুল ইসলাম, শেরে বাংলা, সোহরাওয়ার্দী এবং তিতুমীর। ইউকসু এবং হল সংসদে প্রতিদ্বন্দ্বিতা মূলত ছাত্রদল এবং ছাত্রলীগের মধ্যে সীমাবদ্ধ থাকবে বলে জানা গেছে। উভয় সংগঠন নির্বাচনে জেতার জন্য সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছে।